

ফ্রান্সের সিনেটের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

13ই জুলাই, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ১৩ই জুলাই ২০২৩ এ ফ্রান্সের সিনেটের প্রেসিডেন্ট শ্রী জেরার্ড লারচারের সঙ্গে সাক্ষাৎ করেন।

২. প্রধানমন্ত্রী মোদী 'গণতন্ত্র, স্বাধীনতা ও সমতা'র অভিন্ন মূল্যবোধের তাৎপর্য তুলে ধরেন, যা ভারত-ফ্রান্স অংশীদারিত্বের ভিত্তি গঠন করে।

৩. ভারতের জি-২০ অগ্রাধিকার, প্রযুক্তি ব্যবহারে গণতান্ত্রিক মূল্যবোধ এবং দুই উচ্চকক্ষের মধ্যে সহযোগিতাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও বৈশ্বিক ইস্যু নিয়েও আলোচনা হয় এদিন।

নয়া দিল্লি

13ই জুলাই, 2023